# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা ২৮/২০১৮-১৯**

**ঢাকা, মঙ্গলবার, ৭ আগস্ট ২০১৮, ২৩ শ্রাবণ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

২। সড়ক পরিবহণ আইন-২০১৮ মন্ত্রিসভায় অনুমোদন

৩। ফেসবুকের মাধ্যমে অনেকে মিথ্যা তথ্য ও বিভ্রান্তি ছড়িয়েছে
শিক্ষার্থীদের আন্দোলন প্রসঙ্গে প্রধানমন্ত্রী

৪। যুক্তরাষ্ট্রের শিকাগোতে হতাহতের ঘটনায় প্রধানমন্ত্রীর শোক

৫। ট্যানারির প্লট ও সিইটিপি'র ব্যয় একসঙ্গে দিতে হবে
চামড়া শিল্পনগরীর উদ্যোক্তাদের সঙ্গে বৈঠকে শিল্পমন্ত্রী

৬। বিআরটিএ কার্যালয়ের কার্যক্রম সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত এবং শনিবারও খোলা রাখার সিদ্ধান্ত

৭। প্রধানমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়ে ছাত্র-ছাত্রীরা ক্লাসে ফিরেছে : সেতুমন্ত্রী

৮। ন্যায়বিচার ও সুশাসন প্রতিষ্ঠায় শিক্ষকদের ভূমিকা অপরিসীম : পরিকল্পনামন্ত্রী

৯। সোশ্যাল মিডিয়ায় অপপ্রচার ঠেকাতে কন্টেন্ট ফিল্টারিং হবে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী

১০। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজ জয়ে বাংলাদেশ ক্রিকেটদলকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ**

গতকাল (৬ আগস্ট সোমবার) বঙ্গভবনে গিয়ে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এর সঙ্গে সাক্ষাৎ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় তিনি সরকারের উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। মন্ত্রিসভায় গৃহীত বিভিন্ন সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কেও রাষ্ট্রপতিকে অবহিত করেন প্রধানমন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১)।

২। **সড়ক পরিবহণ আইন-২০১৮ মন্ত্রিসভায় অনুমোদন**

বেপরোয়াভাবে গাড়ি চালিয়ে দুর্ঘটনা প্রমাণ হলে দোষী ব্যক্তির সর্বোচ্চ পাঁচ বছর সশ্রম কারাদণ্ড, অর্থদণ্ড অথবা উভয়দণ্ডের বিধান রেখে সড়ক পরিবহণ আইন ২০১৮-এর খসড়া অনুমোদন করেছে মন্ত্রিসভা। আইনে পরিবহণ মালিককেও দায়বদ্ধতার মধ্যে আনা হয়েছে। দুর্ঘটনাকবলিত যানবাহন ও চালক-হেলপারের উপর হামলা করা যাবে না মর্মে বিধান রয়েছে। রাস্তার কারণে দুর্ঘটনা হলে সেক্ষেত্রে নির্মাণকারী, তদারককারী কর্তৃপক্ষকে দায়ী করার বিধানও রয়েছে আইনে। ফুটপাতে যানবাহন চালালে কিংবা চলন্ত অবস্থায় চালক মোবাইল ফোনে কথা বললেও জেল জরিমানার বিধান রাখা হয়েছে। আইনে বলা হয়েছে, হত্যার উদ্দেশ্যে গাড়ি চাপা দেওয়া হয়েছে বলে যদি প্রতীয়মান হয়, সেক্ষেত্রে বিদ্যমান আইন অনুযায়ী দণ্ডবিধির ৩০২ ধারায় মামলা হবে। তদন্ত করে এবং তদন্ত কমিটির প্রতিবেদনসাপেক্ষে নির্ধারণ করা হবে দুর্ঘটনার প্রকৃতি কী ছিল। ৩০২ ধারায় মামলা ও অপরাধ প্রমাণ হলে আদালত দায়ী ব্যক্তিকে সর্বোচ্চ মৃত্যুদণ্ডাদেশ দিতে পারবে। যদি তদন্তে প্রতীয়মান হয়, হত্যার উদ্দেশ্যে নয়, বেপরোয়া চালানোর কারণেই দুর্ঘটনা ঘটেছে, তাহলে সড়ক পরিবহণ আইনের ১০৩ ধারায় মামলা হবে। লাইসেন্স ছাড়া ও চুক্তিপত্র ছাড়া কেউ গাড়ি চালাতে পারবে না। পেশাদার চালককে কমপক্ষে অষ্টম শ্রেণি পাস ও ২১ বছর বয়সী হতে হবে। আর নিজের গাড়ি চালালে বয়স ১৮ বছর হতে হবে। গতকাল (৬ আগস্ট সোমবার) সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ আইনের খসড়ায় অনুমোদন দেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

৩। **ফেসবুকের মাধ্যমে অনেকে মিথ্যা তথ্য ও বিভ্রান্তি ছড়িয়েছে**
**শিক্ষার্থীদের আন্দোলন প্রসঙ্গে প্রধানমন্ত্রী**

নিরাপদ সড়কের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলনে অনেকে ফেসবুকের মাধ্যমে নানা ধরনের মিথ্যা তথ্য ও বিভ্রান্তি ছড়িয়েছে। গতকাল (৬ আগস্ট সোমবার) মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ আন্দোলনের প্রসঙ্গ উঠলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। এ সময় তিনি বলেন, এ আন্দোলনে অনেক বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা হয়েছে। যাচাই না করেই কেউ কেউ এ ধরনের বিভ্রান্তিতে কান দিয়েছে। আসলে ফেসবুকে মিথ্যা তথ্য ও গুজব ছড়িয়ে এ পরিস্থিতি সৃষ্টি করা হয়েছিল। **সূত্র : যুগান্তর** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮)।

৪। **যুক্তরাষ্ট্রের শিকাগোতে হতাহতের ঘটনায় প্রধানমন্ত্রীর শোক**

যুক্তরাষ্ট্রের শিকাগো নগরীতে গত ৫ আগস্ট রোববার সন্ত্রাসীদের গুলিতে পাঁচজন নিরীহ মানুষের মৃত্যু ও বহু মানুষ আহত হওয়ার ঘটনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর দুঃখ ও শোকপ্রকাশ করেছেন। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে গতকাল (৬ আগস্ট সোমবার) পাঠানো এক শোকবার্তায় প্রধানমন্ত্রী বলেন, আমি আমার নিজের এবং বাংলাদেশের জনগণের পক্ষ থেকে নিহতদের পরিবারের সদস্যদের প্রতি গভীর শোক জানাচ্ছি। তিনি আরও বলেন, এ শোকাবহ মুহূর্তে আমরা যুক্তরাষ্ট্রের জনগণের সঙ্গে একাত্মতা প্রকাশ করছি এবং আশা করি ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি হবে না। প্রধানমন্ত্রী নিহতদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান ও আহতদের আশু সুস্থতা কামনা করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **যুগান্তর** (পৃ.১৪,ক.৪)।

৫। **ট্যানারির প্লট ও সিইটিপি'র ব্যয় একসঙ্গে দিতে হবে**
**চামড়া শিল্পনগরীর উদ্যোক্তাদের সঙ্গে বৈঠকে শিল্পমন্ত্রী**

চামড়া শিল্পনগরীতে প্লট নিবন্ধন পেতে হলে জমির মূল্য ও কেন্দ্রীয় বর্জ্য পরিশোধনাগার বা সিইটিপি'র নির্মাণ খরচ একসঙ্গে পরিশোধ করতে হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেছেন, ওষুধশিল্পের জন্য বিসিক যে এপিআই শিল্পপার্ক তৈরি করছে, সেখানেও উদ্যোক্তারা একইসঙ্গে জমি ও সিইটিপি'র ব্যয় পরিশোধ করছেন। চামড়াশিল্প উদ্যোক্তাদের জন্য এর ব্যতিক্রম করে কোনো নিয়ম চালু করা সমীচীন হবে না। গতকাল (৬ আগস্ট সোমবার) চামড়াশিল্পের বিভিন্ন সমস্যা এবং সমাধানের বিষয়ে চামড়াশিল্প সংশ্লিষ্ট সংগঠন ও প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গে আয়োজিত বৈঠকে শিল্পমন্ত্রী এসব কথা বলেন। শিল্প মন্ত্রণালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র : **সমকাল** (পৃ.১২,ক.৮), **সংবাদ** (পৃ.১৪,ক.৩), **অবজারভার** (পৃ.১৭,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

৬। **বিআরটিএ কার্যালয়ের কার্যক্রম সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত এবং শনিবারও খোলা রাখার সিদ্ধান্ত**

বাড়তি চাপ সামাল দিতে এখন থেকে বিআরটিএ কার্যালয় শনিবার থেকে বৃহস্পতিবার ছয়দিন খোলা রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। একইসঙ্গে সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত কার্যক্রম চালানোরও সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এ কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। মন্ত্রী জানান, বিআরটিএ কার্যালয়ে ভিড় বেড়ে গেছে। যানবাহনের ফিটনেট সার্টিফিকেট দেওয়া ও নবায়ন, ড্রাইভিং লাইসেন্স দেওয়া ও নবায়নসহ জরুরিসেবা কার্যক্রম সারাদেশে শনিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত চলছে। মন্ত্রণালয়ের এ সিদ্ধান্ত মিরপুরে বিআরটিএ কার্যালয়ে গতকাল (৬ আগস্ট সোমবার) মাইকিং করে জানানো হয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৪)।

৭। **প্রধানমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়ে ছাত্র-ছাত্রীরা ক্লাসে ফিরেছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, প্রধানমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়ে এবং শিক্ষকদের কথা শুনে শিক্ষার্থীরা তাদের যুক্তিসঙ্গত আন্দোলন শেষ করে ঘরে ফিরে গেছে। বিক্ষিপ্তভাবে কাউকে কাউকে মাঠে দেখা যাচ্ছে। গতকাল (৬ আগস্ট সোমবার) ধানমন্ডিস্থ আওয়ামী লীগের রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্রঃ **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

৮। **ন্যায়বিচার ও সুশাসন প্রতিষ্ঠায় শিক্ষকদের ভূমিকা অপরিসীম : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, শিক্ষকতা হচ্ছে একটি মহান পেশা, আর শিক্ষকেরা হচ্ছেন আধুনিকমানের সমাজব্যবস্থা তৈরির পথনির্দেশক ও আদর্শ মানুষ গড়ার কারিগর। একটি সমৃদ্ধ জাতি গঠনে এবং ন্যায়বিচার ও সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে শিক্ষকদের ভূমিকা অনন্য, অপরিসীম। সমাজে ভালো কাজের পাশাপাশি বিশৃঙ্খল পরিবেশের সৃষ্টি হলে সেটা রোধ করাও শিক্ষকদের দায়িত্ব। জঙ্গি ও মাদকমুক্ত সমাজ গঠনেও শিক্ষকদের অনেক ভূমিকা রয়েছে। 'শিক্ষার আলো জ্বালবো, ডিজিটাল বাংলাদেশ গড়বো' শিরোনামে গতকাল (৬ আগস্ট সোমবার) কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত স্কুল-কলেজ, মাদরাসাসহ সকল পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে 'শিক্ষার মান উন্নয়ন' শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। **সূত্র : ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **আমাদের অর্থনীতি** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১০,ক.৫)।

৯। **সোশ্যাল মিডিয়ায় অপপ্রচার ঠেকাতে কন্টেন্ট ফিল্টারিং হবে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী**

অপপ্রচার ঠেকাতে কন্টেন্ট ফিল্টারিং এর একটি প্রকল্পের কাজ শুরু হয়েছে বলে জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার। তিনি বলেছেন, কোনো পরিস্থিতিতে রাষ্ট্রীয় জনগণের নিরাপত্তা বিঘ্নিত হলে ইন্টারনেট বন্ধের মত পদক্ষেপও সরকার নিতে পারে। বৃহত্তর স্বার্থে ক্ষুদ্রতম সেক্রিফাইস করতেই হবে। এটি সংগত কারণেই করতে হবে। গতকাল (৬ আগস্ট সোমবার) ঢাকার র‍্যাডিসন হোটেলে 'আইটিইউ বিটিআরসি

এশিয়া-প্যাসিফিক রেগুলেটরস রাউন্ড টেবিল-২০১৮'এর উদ্বোধন অনুষ্ঠানশেষে সাংবাদিকদের এ কথা বলেন মন্ত্রী। **সূত্র : ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬)।

**১০। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজ জয়ে বাংলাদেশ ক্রিকেটদলকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন**

আন্তর্জাতিক টি-২০ ম্যাচে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজ জয়ে বাংলাদেশ ক্রিকেট দল ও সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৬ আগস্ট সোমবার) পৃথক অভিনন্দনবার্তায় তাঁরা এ অভিনন্দন জানান। যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার লডারহিলে গতকাল অনুষ্ঠিত তিন ম্যাচ সিরিজের শেষ ম্যাচে বাংলাদেশ ১৯ রানে ওয়েস্ট ইন্ডিজকে পরাজিত করে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** নিরাপদ সড়কের দাবিতে ছাত্র বিক্ষোভে পুরো দেশ যখন তোলপাড় তখনও সড়ক দুর্ঘটনায় মৃত্যুর মিছিল থেমে নেই উল্লেখ করে সম্মিলিতভাবে এ ব্যাপারে পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **জনকণ্ঠ :** বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তির অপব্যবহারে উদ্বেগ প্রকাশ করে ফেসবুক, ইন্টারনেটে অপপ্রচার ও উস্কানিমূলক মন্তব্য প্রকাশ এবং ছবি প্রচার প্রতিরোধে স্থায়ী আইন করার ওপর গুরুত্বারোপ।

গ. **যুগান্তর, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশ ক্রিকেটদল টি-টুয়েন্টি ক্রিকেট সিরিজে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজ জেতায় অভিনন্দন জানিয়ে এ জয়ের ধারা অব্যাহত রাখার প্রত্যাশা।

ঘ. **সংবাদ, বণিক বার্তা :** পোশাকখাতের ন্যূনতম মজুরি নির্ধারণের ক্ষেত্রে পোশাক মালিক ও শ্রমিকদের সমঝোতায় পৌঁছানোর আহ্বান।

ঙ. **ডেইলি সান :** বিশ্বের প্রথম সারির ৭০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে দেশের একটিও বিশ্ববিদ্যালয় নেই উল্লেখ করে বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার মান বাড়াতে নজর দেওয়ার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গণতন্ত্রের প্রাথমিক শক্তিই হলো সুষ্ঠু, নিরপেক্ষ, শান্তিপূর্ণ ও অংশগ্রহণমূলক নির্বাচন।

## নিবন্ধ ও ফিচার

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত **'শিশুশ্রম: এই অমানবিকতার অবসান চাই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, গৃহকর্মসহ সবখাতে শিশুদের নিয়োজিত করার বিরুদ্ধে জনমত গঠন করতে হবে ।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা